ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩২৪

আগরতলা,৩০ ডিসেম্বর,২০২৪

## ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার ষষ্ঠ অধিবেশন
## নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ

আগামী ১০ জানুয়ারি, ২০২৫ থেকে ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার ষষ্ঠ অধিবেশন শুরু হবে। ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষের নির্দেশে বিধানসভা অধিবেশন চলাকালীন বিধানসভায় প্রবেশের ক্ষেত্রে কিছু নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ত্রিপুরা বিধানসভার পক্ষ থেকে জানানো হয়েছে, মনুষ্যচালিত রিক্সা ব্যতীত কোনও ব্যক্তি বা যানবাহন ত্রিপুরা বিধানসভার সচিবালয়ের বৈধ অনুমতিপত্র ব্যতীত বিধানসভা চত্বরে প্রবেশ করতে পারবে না। ত্রিপুরা বিধানসভার সদস্য, সংবাদমাধ্যমের প্রতিনিধি এবং ত্রিপুরা বিধানসভার কর্মচারিগণ বিধানসভায় প্রবেশের সময়ে গেইটে থাকা নিরাপত্তা রক্ষীগণ পরিচয়পত্র অথবা বিধানসভার সচিবালয়ের দেওয়া বৈধ অনুমতিপত্র দেখতে চাইলে তা দেখাতে হবে। ত্রিপুরা বিধানসভার সদস্যগণ, সংবাদমাধ্যমের প্রতিনিধিগণ এবং বিধানসভার সচিবালয়ের কর্মীগণ বৈধ অনুমতিপত্র নিয়ে গাড়ি অথবা যানবাহন নিয়ে কোনও সঙ্গী ছাড়া বিধানসভা চত্বরে প্রবেশ করতে পারবেন।

ত্রিপুরা বিধানসভার সদস্যগণের সঙ্গে থাকা ব্যক্তিগত দেহরক্ষীদের আলাদা কোনও অনুমতিপত্রের প্রয়োজন নেই। দর্শনার্থী, সরকারি আধিকারিক, সংবাদমাধ্যমের প্রতিনিধি এবং বিধানসভার কর্মীগণ ব্যাগ অথবা অন্যান্য কোনও আপত্তিকর জিনিসপত্র নিয়ে বিধানসভার অধিবেশন কক্ষে প্রবেশ করতে পারবেন না। বিধানসভার অধিবেশন কক্ষে মোবাইল ফোন নেওয়া কঠোরভাবে নিষিদ্ধ।

*****